# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩৪

১/ বিবিধ

---

আরবী

أكرم الناس يوسف بن يعقوب بن إسحاق ذبيح الله
منكر بهذا اللفظ

رواه الطبراني في " كبيره " (10278) من طريق أبي عبيدة عن أبيه عبد الله بن مسعود عن النبي صلى الله عليه وسلم أنه سئل: من أكرم الناس؟ قال " يوسف بن يعقوب ... "، الحديث، قال الهيثمي في " مجمع الزوائد " (8 / 202) : وفيه بقية مدلس، وأبو عبيدة لم يسمع من أبيه
قلت: ولكن بقية قد توبع عليه فقد رواه ابن المظفر في " غرائب شعبة " (138 / 1) عن معاوية بن حفص وبقية معا عن شعبة عن أبي إسحاق عن أبي عبيدة عن ابن مسعود به، ورواه شعبة عن أبي إسحاق عن أبي الأحوص عن ابن مسعود موقوفا عليه، وهو الصواب، أخرجه الطبراني في " الكبير " (3 / 18 / 1) ، قال الحافظ ابن كثير بعد أن ساقه في " تفسيره " (4 / 17) : وهذا صحيح عن ابن مسعود
قلت: والحديث صحيح مرفوعا دون قوله: " إن إسحاق ذبيح الله "، فإن هذه الزيادة منكرة، فقد أخرج الحديث البخاري (6 / 323 - 324) ومسلم (7 / 103) من حديث أبي هريرة: سئل رسول الله صلى الله عليه وسلم: من أكرم الناس؟ قال: " أتقاهم لله، قالوا: ليس عن هذا نسألك، قال: " فأكرم الناس يوسف نبي الله ابن نبي الله ابن نبي الله بن خليل الله ... "، الحديث ليس فيه " ذبيح الله " فدل على نكارتها

বাংলা

৩৩৪। লোকদের মধ্যে ইউসুফ ইবনু ইয়াকুব ইবনু ইসহাক হচ্ছেন সর্বাপেক্ষা সম্মানিত ব্যাক্তি। তিনি যাবীহুল্লাহ।

হাদীসটি মুনকার।

এ শব্দে তাবারানী তার “মুজামুল কাবীর” গ্রন্থে (১০২৭৮) আবূ ওবাইদার সূত্রে বর্ণনা করেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে বলেছেনঃ (৮/২০২) এটির সনদে বাকিয়াহ রয়েছেন, তিনি মুদাল্লিস এবং আবূ ওবাইদা তার পিতা হতে শুনেননি। কিন্তু বাকিয়ার মুতাবায়াত পাওয়া যায়। মুয়াবিয়া ইবনু হাফস এবং বাকিয়া উভয়ে শু’বা হতে বর্ণনা করেছেন। এটি ইবনুল মুজাফফার “গারায়েবু শু’বাহ” গ্রন্থে (১/১৩৮) বর্ণনা করেছেন। ইবনু কাসীর তার “আত-তাফসীর” গ্রন্থে (৪/১৭) বলেছেনঃ এটি ইবনু মাসউদ (রাঃ) হতে সহীহ (অর্থাৎ মওকুফ হিসাবে)।

আমি (আলবানী) বলছিঃ “إن إسحاق ذبيح الله” এ অংশটুকু বাদ দিয়ে হাদীসটি মারফূ’ হিসাবেও সহীহ কারণ এ বর্ধিত অংশটুকু মুনকার। এ অংশটুকু বাদ দিয়ে বুখারী এবং মুসলিম আবু হুরাইরার (রাঃ) হাদীস হতে বর্ণনা করেছেন।

ইসহাকই ছিলেন যাবীহ এ মর্মে যে সব হাদীস বর্ণিত হয়েছে, সে গুলোর সবই দুর্বল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5593

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন